

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২২

আগরতলা, ৮ মার্চ, ২০১৯

ত্রিপুরা ব্যাঙ্কো মিশনের নতুন ওয়েবসাইটের উদ্বোধন
প্রধানমন্ত্রীর প্রদর্শিত পথে রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে
রাজ্য সরকার কাজ করছে : মুখ্যমন্ত্রী

বাঁশ ও বেতভিত্তিক শিল্প হচ্ছে একটি সুসংগঠিত পারদর্শী শিল্প মাধ্যম। এরজন্য খুব বড় বেশি প্রযুক্তির প্রয়োজন হয়না। যারা বাঁশ ও বেতভিত্তিক শিল্পের সঙ্গে জড়িত তাদের অধিকাংশই বংশানুক্রমিক এই শিল্পকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। আজ মহাকরণের এক নং কনফারেন্স হলে ত্রিপুরা ব্যাঙ্কো মিশনের নতুন ওয়েবসাইট Link:[http:// tbm.org.in/](http://tbm.org.in/) এর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথা বলেন। তিনি বলেন, নতুন এই ওয়েবসাইটটি চালু হওয়ার ফলে ত্রিপুরার বাঁশবেত শিল্পের একটি বিশ্বজনীন নতুন রাস্তা খুলে গেছে। দেশ বিদেশের মানুষ এই ওয়েবসাইটের মাধ্যমে ত্রিপুরার বাঁশবেত শিল্পের বিষয়ে বিস্তারিত জানতে পারবেন এবং সরাসরি যোগাযোগ করতে পারবেন। মুখ্যমন্ত্রী বলেন, স্বয়ং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতীয় ব্যাঙ্কো মিশনের চেয়ারম্যান। তিনি এই ব্যাঙ্কো মিশনের জন্য অধিক অর্থ বাজেটে বরাদ্দ করেছেন। প্রধানমন্ত্রীর প্রদর্শিত পথেই রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে রাজ্য সরকার কাজ করছেন। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার একটি বৃহত্তর অংশের মানুষের জীবন জীবিকার সাথে বাঁশবেতের মতো সম্পদ জড়িয়ে রয়েছে। রাজ্য সরকারের দায়িত্ব হচ্ছে তাকে সঠিকভাবে বাজারজাত করা। এই ওয়েবসাইট থেকে ত্রিপুরার জাতীয় সম্মানপ্রাপ্ত কারুশিল্পীদের সম্পর্কে মানুষ যেমন জানতে পারবেন তেমনি নতুন প্রজন্মও এই শিল্প সম্পর্কে উৎসাহিত হবেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, আজ জাপানের রাষ্ট্রদূতের সাথে তাঁর আলোচনায় ত্রিপুরার বাঁশভিত্তিক হস্তশিল্প ও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়। রাজ্য সরকারের শিল্পনীতির বৈশিষ্ট্য দেখলেই বোঝা যায় সরকার যেকোন শিল্পোদ্যোগীদেরই রাজ্যে বিনিয়োগের জন্যে স্বাগত জানায়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী দপ্তরের প্রধান সচিব কুমার অলক, শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রধান সচিব এস আর কুমার, উপজাতি কল্যাণ দপ্তরের বিশেষ সচিব সি কে জমাতিয়া, ত্রিপুরা ব্যাঙ্কো মিশনের মিশন ডিরেক্টর ডা. সন্দীপ আর রাঠোর প্রমুখ উপস্থিত ছিলেন।
